

## অগ্রহায়ণ মাসে কৃষক ভাইদরে করণীয়

নবান্নের উৎসব শুরু হয় অগ্রহায়ণে। নতুন ধানের ঘাগ, তরতাজা, শাকসবজি, শিশিরের পরশে শীতরে আমজে এ সব কিছুই অগ্রহায়ণে আগমনী বার্তা। অভাবগ্রস্থ কৃষকের চোখে জেগে ওঠে স্বপ্নের অরুনিমা। ধান ফসলে ভরে উঠে কৃষকরে শূন্য আশানি। আর হতাশা দূর করে নিয়ে আসছে আশা ভরা সুখময় ভবিষ্যৎ। আসুন জেনে নেই অগ্রহায়ণ মাসে করণীয় কাজগুলো।

### আমন ধান

- এ মাসে অনেকেই আমন ধান পেকে যাবে তাই রোদেলা দিন দেখে ধান কাটতে হবে;
- ঘূর্ণিঝড় প্রবন এলাকায় আমন ধান শতকরা ৮০ ভাগ পাকলে কেটে ফেলতে হবে;
- আমন ধান কাটার পরপরই জমি চাষ দিয়ে রাখতে হবে, এতে বাম্পীভবনের মাধ্যমে মাটির রস কম শুকাবে;
- উপকূলীয় এলাকায় রোপা আমন কাটার আগে রিলে ফসল হিসেবে খেসারি আবাদ করা যায়;
- আগামী মৌসুমের জন্য বীজ রাখতে চাইলে প্রথমেই সুস্থ সবল ভালো ফলন দেখে ফসল নির্বাচন করতে হবে। এরপর কেটে, মাড়াই-ঝাড়াই করার পর রোদে ভালমত শুকাতে হবে।

### বোরো ধান

- অগ্রহায়ণ মাস বোরো ধানের বীজতলা তৈরির উপযুক্ত সময়। রোদ পড়ে এমন উর্বর ও সেচ সুবিধাযুক্ত জমি বীজতলার জন্য নির্বাচন করতে হবে;
- চাষের আগে প্রতি বর্গমিটার জায়গার জন্য ২-৩ কেজি জৈব সার দিয়ে ভালোভাবে জমি তৈরি করতে হবে;
- যেসব এলাকায় ঠান্ডার প্রকোপ বেশি সেখানে শুকনো বীজতলা তৈরি করতে পারেন। প্রতি দুই প্লটের মাঝে ২৫-৩০ সেমি. নালা রাখতে হবে;
- যেসব এলাকায় সেচের পানির ঘাটতি থাকে সেখানে আগাম জাত হিসেবে উর্বর জমি ও পানি ঘাটতি নাই এমন এলাকায় ত্রি ধান৫০, ত্রি ধান৫৮, ত্রি ধান৫৯, ত্রি ধান৬০, ত্রি ধান৬৩, ৬৪, ৬৮, ৬৯, ৭৪, ৮১, ৮৪, ৮৬, ৮৮, ৮৯, ৯২, ৯৬, ৯৭, ৯৯ এবং বঙ্গবন্ধু ধান১০০, ত্রি হাইব্রিড ধান১, ত্রি হাইব্রিড ধান২, ত্রি হাইব্রিড ধান৩ ও ত্রি হাইব্রিড ধান৫ ঠান্ডা প্রকোপ এলাকায় ত্রি ধান৩৬, হাওড় এলাকায় বিআর১৭, বিআর১৮, বিআর১৯, ত্রিধান ২৮ লবণাক্ত এলাকায় ত্রি ধান৪৭, ত্রি ধান৫৫, ত্রি ধান৬১ ও ত্রি ধান৬৭ চাষ করতে পারেন;

### গম

- অগ্রহায়ণের শুরু থেকে মধ্য অগ্রহায়ণ পর্যন্ত গম বোনার উপযুক্ত সময়। এরপর গম যত দেরিতে বপন করা হবে ফলনও সে হারে কমে যাবে;
- দো-আঁশ মাটিতে গম ভাল হয়;
- অধিক ফলনের জন্য গমের আধুনিক জাত যেমন- শতান্দী, সুফী, বিজয়, প্রদীপ, আনন্দ, বরকত, কাঞ্চন, সৌরভ, গৌরব, বারি গম-২৫, বারি গম-২৮, বারি গম-২৯ বারি গম-৩০ বারি গম-৩২ বারি গম-৩৩এসব বপন করতে হবে;
- গম বীজ বপনের আগে অনুমোদিত ছত্রাকনাশক দ্বারা বীজ শোধন করে নিতে হবে;
- সেচযুক্ত চাষের জন্য বিঘাপ্রতি ১৬ কেজি এবং সেচবিহীন চাষের জন্য বিঘা প্রতি ১৩ কেজি বীজ বপন করতে হবে;
- গমের ভাল ফলন পেতে হলে প্রতি শতক জমিতে ৩০-৪০ কেজি জৈব সার, ৬০০-৭০০ গ্রাম ইউরিয়া, ৬০০-৭০০ গ্রাম টিএসপি, ৩০০-৪০০ গ্রাম এমওপি, ৪০০-৫০০ গ্রাম জিপসাম প্রয়োগ করতে হবে;
- ইউরিয়া ছাড়া অন্যান্য সার জমি তৈরীর শেষ চাষের সময় এবং ইউরিয়া তিন কিস্তিতে উপরি প্রয়োগ করতে হবে;
- গমে তিনবার সেচ দিলে ফলন বেশি পাওয়া যায়। বীজ বপনের ১৭-২১ দিনের মধ্যে প্রথম সেচ, ৪৫-৬০ দিনে দ্বিতীয় সেচ এবং ৭৫-৮০ দিনে ৩য় সেচ দিতে হবে।

### ভুট্টা

- ভুট্টা এ মাসের ১৫ তারিখের মধ্যে জমি তৈরি করে বীজ বপন করতে হবে;
- ভাল ফলনের জন্য সারিতে বীজ বপন করতে হবে। এক্ষেত্রে সারি থেকে সারির দূরত্ব ৭৫ সেমি এবং বীজ থেকে বীজের দূরত্ব ২৫ সেমি রাখতে হবে;

### তেল জাতীয় ফসল

- এ মাসে তেল ফসলে (সরিষা, তিল, তিসি ও সূর্যমুখী) যত্ন নিলে কাঙ্ক্ষিত ফলন পাওয়া যায়।

### আলু

- রোপনকৃত আলু ফসলের যত্ন নিতে হবে। মাটির কেইল বেঁধে দিয়ে কেইলে মাটি তুলে দিতে হবে। সারের উপরিপ্রয়োগসহ সেচ দিতে হবে।

### শীতকালীন সবজি

- ফুলকপি, বাঁধাকপি, ওলকপি, শালগম, মুলা এ সব বড় হওয়ার সাথে সাথে চারার গোড়ায় মাটি তুলে দিতে হবে;
- সবজি ক্ষেতের আগাছা, রোগ ও পোকা-মাকড় নিয়ন্ত্রণ করতে হবে। এক্ষেত্রে সেক্স ফেরোমোন ফাঁদ ব্যবহার করতে পারেন। এতে পোকা দমনের সাথে সাথে পরিবেশও ভাল থাকবে;
- জমিতে প্রয়োজনে সেচ প্রদান করতে হবে;
- টমেটো গাছের অতিরিক্ত ডাল ভেঙে দিয়ে খুঁটির সাথে বেঁধে দিতে হবে;
- ঘেরের বেড়িবেঁধে টমেটো, মিষ্টিকুমড়া চাষ করতে পারেন।

### মিষ্টি আলু

- মাঠে মিষ্টি আলু, চীনা, কাউন, পঁয়াজ, রসুন, মরিচসহ অন্যান্য ফসলের পরিচর্যা করতে হবে;

### ফলবৃক্ষ

- এবারের বর্ষায় রোপণ করা ফল, ওষুধি বা বনজ গাছের যত্ন নিতে হবে।
- গাছের গোড়ায় মাটি আলগা করে দিতে হবে এবং আগাছা পরিষ্কার করে দিতে হবে। প্রয়োজনে গাছকে খুঁটির সাথে বেঁধে দিতে হবে। মাটিতে রসের পরিমাণ কমে গেলে গাছের গোড়ায় সেচ প্রদান করতে হবে।

তাছাড়া কৃষির যে কোন সমস্যায় উপজেলা কৃষি অফিস অথবা কৃষি কল সেন্টারের ১৬১২৩ নম্বরে বা কৃষক বন্ধু সেবার ৩৩৩১ নম্বরে কল করে বিশেষজ্ঞদের পরামর্শ নিতে পারেন।